ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪০৫
উদয়পুর,২৮ এপ্রিল,২০২৫

**গোমতী জেলায় দুটি প্রকল্পে ৫৭ হাজার ৩২৮টি গৃহ নির্মাণের অনুমোদন**

গোমতী জেলায় প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ) প্রকল্পের অধীন এখন পর্যন্ত ৫৩ হাজার ৮৮৭ জন সুবিধাভোগীকে গৃহ নির্মাণ করার জন্য অনুমোদন দেওয়া হয়েছে। এরমধ্যে ৫২ হাজার ৩৬১টি গৃহ নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে। বাকি গৃহগুলির নির্মাণের কাজ চলছে। তাছাড়া পি.এম. জনমন প্রকল্পে গোমতী জেলায় এখন পর্যন্ত ৩ হাজার ৪৪১টি গৃহ নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে। এরমধ্যে ২ হাজার ৭৮০টি গৃহ নির্মাণ হয়ে গেছে। বাকি ঘরগুলি নির্মাণের কাজ চলছে।

*****